

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা) - ০৬ সেপ্টেম্বর, ২০১৭

সামিট পাওয়ার লিমিটেডের নতুন উপদেষ্টা মো: মোস্তফা কামাল



দেশের বেসরকারি খাতের সবচেয়ে বড় স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠান সামিট পাওয়ার লিমিটেডের উপদেষ্টা হিসেবে নিয়োগ পেয়েছেন মো: মোস্তফা কামাল। যোগদান প্রসঙ্গে তিনি বলেন, “সামিট পাওয়ারের একজন সদস্য হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত যেটি দেশের প্রকৌশলীদের উচ্চতর দক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছে পাশাপাশি বিদ্যুৎ উন্নয়ন খাতে প্রযুক্তি স্থানান্তরের মাধ্যমে আত্মনির্ভরশীলতা অর্জনের দিকে দেশকে এগিয়ে নিচ্ছে।”

সামিট পাওয়ার লিমিটেড-এ যোগদানের আগে তিনি ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (EGCBL) এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড (BPDB) এর পরিচালক-আইপিপি সেল, প্রধান প্রকৌশলী (উৎপাদন) ও সদস্য (ডিস্ট্রিবিউশন এন্ড জেনারেশন) এবং ডিরেক্টর জেনারেল (ডিজি), পাওয়ার সেল, পাওয়ার ডিভিশন; বিদ্যুৎ, জ্বালানী ও খণিজ সম্পদ মন্ত্রণালয় এর দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে মেকানিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগে স্নাতক সম্পন্ন করেছেন।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫